


শিখা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য পদে আসছেন নতুন মুখ

স্বাধীন রিপোর্ট

দেশের ৫টি স্বায়ত্তশাসিত ও সরকারি বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের পদ কিছুদিন ধরে শূন্য হয়ে আছে। এজলা এসব বিশ্ববিদ্যালয়ে কাজকর্মে সুবিরত দেখা দিয়েছে। এ অবস্থায় এসব বিশ্ববিদ্যালয়ে উপাচার্যসহ শীর্ষপদগুলো পূরণের জন্য বিভিন্ন অধ্যাপকের নাম প্রস্তাব করেছে শিক্ষা মন্ত্রণালয়। চলতি সপ্তাহের মধ্যে এসব শীর্ষপদে নিয়োগ চূড়ান্ত হবে।



বিশ্ববিদ্যালয়গুলো হলো : রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়, উনুত বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। এর মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে উপাচার্য, সহ-উপাচার্য ও কোষাধ্যক্ষ তিনটি পদই শূন্য।

এর বাইরে আরো কয়েকটি বিশ্ববিদ্যালয়ে শিগগিরই উপাচার্যের মেয়াদ শেষ হবে। কয়েকটি বিশ্ববিদ্যালয়ে আন্দোলনের কারণেও অস্থির পরিস্থিতি বিরাজ করছে।

জানতে চাইলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিন বলেন, 'শিগগিরই এসব শূন্য পদে নিয়োগ দেয়া হবে। এজন্য আমরা প্রস্তুতি নিচ্ছি।'

শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) ও বিশ্ববিদ্যালয়ের সূত্রগুলো জানিয়েছে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, সহ-উপাচার্য ও কোষাধ্যক্ষের মেয়াদ শেষ হয়েছে গত ২৫ ফেব্রুয়ারি। কিন্তু এখনো উপাচার্যের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারছে না সরকার। মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, উপাচার্যের জন্য ওই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মিজানউদ্দিন এবং এএসএম শাহনেওয়াজ আলীর নাম প্রস্তাব করে সারসংক্ষেপ পাঠানো হয়েছে। তাদের মধ্যে একজন হলেন উপাচার্য। আর সহ-উপাচার্য হিসেবে সারওয়ার জাহান সজ্জেলের নাম বেশি উপাচার্য : পৃষ্ঠা ১৫ কলাম ৪

উপাচার্য : পৃষ্ঠা ১৫ কলাম ৪

উপাচার্য : বিশ্ববিদ্যালয়ে

(শেষ পৃষ্ঠার পর)

আলোচিত হচ্ছে :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কাজী শহীদুল্লাহর মেয়াদ শেষ হয়েছে ২৪ ফেব্রুয়ারি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক হারুন-অর-রশিদকে এই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য করার বিষয়টি চূড়ান্ত হয়েছে।

রাজধানীর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বিনোদী উপাচার্য মেসবাহউদ্দিনের মেয়াদ শেষ হয় ২৪ ফেব্রুয়ারি। এখানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক কোষাধ্যক্ষ অধ্যাপক মীজানুর রহমানকে উপাচার্য করার সিদ্ধান্ত হয়েছে।

উনুত বিশ্ববিদ্যালয়ে গত ২৪ জানুয়ারি থেকে উপাচার্যের পদটি শূন্য। মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, বিনোদী উপাচার্য আরআইএম আমিনুর রশীদের স্থলাভিষিক্ত করার জন্য সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের একজন অধ্যাপকের নাম সারসংক্ষেপ আকারে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হলেও সেটি ফেরত এসেছে। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে তিনজনের নামের প্যানেল পাঠানোর নির্দেশ দেয়া হয়েছে।

তবে আপাতত সহ-উপাচার্য খন্দকার মোকাম্মেছ হোসেনকে উপাচার্যের চলতি দায়িত্ব দেয়া হচ্ছে।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. সালেহ উদ্দিনের মেয়াদ শেষ হয় ২৫ ফেব্রুয়ারি। এই বিশ্ববিদ্যালয়ের বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি।

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সিরাজুল করিম চৌধুরীর মেয়াদ শেষ না হলেও এখানকার প্রগতিশীল শিক্ষকরা ও ছাত্রলীগের বড় একটি অংশ তাকে সরিয়ে দেয়ার দাবি জানিয়ে আসছে। মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, বর্তমান সহ-উপাচার্যকে এখানে উপাচার্য করার চিন্তাভাবনা চলছে।

টাঙ্গাইলের মওলানা জামালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম নুরুল ইসলামের মেয়াদ শেষ হবে আগামী মে মাসে। এখানে উপাচার্য করার জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সদ্যবিদায় নেয়া সহ-উপাচার্য আলাউদ্দিনের নাম আলোচিত হচ্ছে।

বঙ্গবন্ধু শেষ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আবদুল মান্নান আকন্দের মেয়াদ শেষ হবে ১০ মার্চ। সেখানে নতুন উপাচার্য করার জন্য ওই বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষকের নামে প্রস্তাব তৈরি করেছে শিক্ষা মন্ত্রণালয়।

রংপুর রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আবদুল জলিল মিয়াহর মেয়াদ শেষ হবে আগামী মে মাসে। কিন্তু তার বিরুদ্ধে নিয়োগসহ বেশকিছু ক্ষেত্রে অনিয়মের অভিযোগ তুলে আন্দোলন করছে এই বিশ্ববিদ্যালয়েরই শিক্ষকদের একটি অংশ। মেয়াদ শেষে সেখানেও নতুন উপাচার্য নিয়োগ দেয়ার চিন্তাভাবনা চলছে।